

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা


সভাপতি মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
সভার তারিখ ২২ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময় বেলা ১১.০০ টা
স্থান সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক"-তে দেওয়া হল।

“সভার অলোচ্য বিষয়সমূহ”

- ০১। নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন;
- ০২। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;
- ০৩। বিবিধ।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।
উপস্থিত সকলের অংশগ্রহণে পুঙ্খানুপুঙ্খ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো নিয়েও আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো যাচাই-বাছাই এর জন্য একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। বাছায়কৃত আইডিয়াগুলো বাস্তবায়নের জন্য একটি ক্যালেন্ডার প্রনয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগগুলো নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম
২.	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;	নিম্নোক্ত উদ্যোগগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ ১) অনলাইনে (Zoom Application ব্যবহার করে) ২৪ (চব্বিশ) টি সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন। ২) অনলাইনে Website, Training Management System Software এবং Facebook Group ও Page ব্যবহার করে ০২ (দুই) টি প্রশিক্ষণ পাঠ্যধারা (২/৩/৪ সপ্তাহ মেয়াদী) আয়োজন। ৩) Video Conferencing-এর মাধ্যমে প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থী নির্বাচনের সাক্ষাৎকার গ্রহণ।	আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১) বর্তমান Covid-19 পরিস্থিতিতে শ্রেণি কক্ষে উপস্থিত হয়ে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন ঝুঁকিপূর্ণ বিধায় ভার্চুয়াল পরিবেশে অনলাইনে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করতে হবে। যেন প্রশিক্ষণার্থীগণ যে কোন স্থান থেকে অংশগ্রহণ করতে পারেন। ২। বর্তমান Covid-19 পরিস্থিতিতে শ্রেণি কক্ষে উপস্থিত হয়ে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন ঝুঁকিপূর্ণ বিধায় ভার্চুয়াল পরিবেশে অনলাইনে প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করতে হবে। ৩। Video Conferencing-এর মাধ্যমে প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থী নির্বাচনের সাক্ষাৎকার গ্রহণের ব্যবস্থা করতে হবে।	ইনোভেশন টিম এবং বিভিন্ন পাঠ্যধারার সমন্বয়কারী/পাঠ্যধারা পরিচালক








৩.	ইনোভেশন টিম পূর্ণগঠন	ইনোভেশন টিম পূর্ণগঠনের বিষয়ে আলোচনা হয়।	আলোচনায় বর্তমান ইনোভেশন টিমের কয়েকজন কর্মকর্তা পদোন্নতি ও বদলি হওয়ায় ইনোভেশন টিম পূর্ণগঠন করা হয়েছে। ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করতে হবে।	ইনোভেশন টিম
৪.	উদ্ভাবন খাতে বরাদ্দ	উদ্ভাবন খাতে (কোড নং ৩২৫৭১০৫) বরাদ্দ বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবন খাতে বরাদ্দের জন্য দ্রুত একটি কোড খুলতে হবে এবং এই কোডে বরাদ্দ আনতে হবে।	অর্থ শাখা

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.০০১.২০. ১২৮২

২৮ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক মহোদয়ের পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) উপ-পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৩) উপ-পরিচালক (দূ. রে. প্রশিক্ষণ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৩) প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৪) গবেষণা কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।


মোঃ ফাইম সিদ্দিকী
গবেষণা কর্মকর্তা (বেতার, টিভি, স্মার্টস ও পঃ)
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার